মানিকারচর লালমিয়া সরকার লতিফ মুন্সী মডেল উচ্চ বিদ্যালয়
মেঘনা, কুমিল্লা
✆01309105967 (অফিস), 01842321732 (প্রশি)
✉ mllhs_model.meghna@yahoo.com/ hms.mllmhs@gmail.com

মাএলএলমউবি/২০২৬/ ২৬ নভেম্বর ২০২৬

জরুরি বিজ্ঞপ্তি (উপবৃত্তি সংক্রান্ত)

এতদ্বারা অত্র বিদ্যালয়ের ষষ্ঠ থেকে দশম শ্রেণির সকল ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ছাত্রীদের উপবৃত্তি প্রদানের কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সরকারি নির্দেশনা অনুযায়ী উপবৃত্তির অর্থ সরাসরি ছাত্রীদের নিজস্ব ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে প্রদান করা হবে।

এমতাবস্থায়, উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে আগামী ০৩/১২/২০২৬খ্রি. বৃহস্পতিবার এর মধ্যে যেকোনো তফসিলি ব্যাংকে (যেমন: সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, রূপালী ব্যাংক, ডাচ-বাংলা ব্যাংক বা সরকার অনুমোদিত মোবাইল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং) একটি 'স্কুল ব্যাংকিং' (Student Account) হিসাব খুলে হিসাবের তথ্যাদি বিদ্যালয় অফিসে জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

- ছাত্রীর ডিজিটাল জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
- পিতা অথবা মাতার (অভিভাবকের) জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি।
- ছাত্রীর সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- অভিভাবকের (পিতা/মাতা) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- বিদ্যালয় কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র বা আইডি কার্ডের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

বিশেষ দ্রষ্টব্য:

- অ্যাকাউন্ট খোলার পর ব্যাংক কর্তৃক প্রদত্ত চেকবই বা জমা রশিদের ফটোকপি (যেখানে অ্যাকাউন্ট নম্বর ও রাউটিং নম্বর স্পষ্টভাবে লেখা থাকে) এবং সচল মোবাইল নম্বর শ্রেণি শিক্ষকের নিকট জমা দিতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে ব্যাংক অ্যাকাউন্টের তথ্য জমা দিতে ব্যর্থ হলে উপবৃত্তি থেকে বঞ্চিত হওয়ার সম্ভাবনা থাকবে, যার দায়ভার সম্পূর্ণ ছাত্রী ও অভিভাবককে বহন করতে হবে।

"বিষয়টি অতীব জরুরি"

২৬/১১/২০২৬
হোসাইন মোহাম্মদ সাজ্জাদ
প্রধান শিক্ষক
মানিকারচর লালমিয়া সরকার লতিফ মুন্সী মডেল উচ্চ বিদ্যালয়,
মেঘনা, কুমিল্লা।

সদয় অবগতি:

সভাপতি
মানিকারচর লালমিয়া সরকার লতিফ মুন্সী মডেল উচ্চ বিদ্যালয়
মেঘনা, কুমিল্লা।

সম্প্রচার :
১। সকল ছাত্র-ছাত্রী;
২। সকল শিক্ষক, কর্মচারী;
৩। নোটিশ বোর্ড ;
৪। ওয়েবসাইট;
৫। অফিস কপি সংরক্ষিত।

মানিকারচর লালমিয়া সরকার লতিফ মুন্সী মডেল উচ্চ বিদ্যালয়
মেঘনা, কুমিল্লা
✆01309105967 (অফিস), 01842321732 (প্রশি)
✉ mllhs_model.meghna@yahoo.com/ hms.mllmhs@gmail.com